গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
আইন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ০৮-১১-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	: শিখা সরকার অতিরিক্ত সচিব (সিপিপি) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	: ০৮-১১-২০২২ খ্রিঃ
সভার সময়	: সকাল ০৯:৩০ ঘটিকা
স্থান	: কক্ষ নং-১১৭, ভবন নং-৪, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
উপস্থিতি	: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব, জনাব সানজিদা ইয়াছমিন সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি বলেন যে, বিগত সভা গত ২৭-১০-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছিল। তিনি বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করেন এবং ১ম সিদ্ধান্ত 'উপকূলীয় জেলায় স্বেচ্ছাসেবকদের মোবাইল অ্যাপের মাধ্যমে দুর্যোগের আগাম সতর্কবার্তা প্রেরণ' সংক্রান্ত কর্মপরিকল্পনাটির পরিবর্তে মাঠ পর্যায়ে কার্যক্ষমতা পর্যবেক্ষণের লক্ষ্যে একটি ইউনিয়নে ইন্টারনেট অব থিংকস (IoT) প্রযুক্তি নির্ভর বজ্র নিরোধক দন্ড পাইলটিং এর উদ্যোগ নেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ১.১.১ সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে নুন্যতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিষয়েও বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে এ বিষয়ে মতামত প্রদান করার জন্য বলেন। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

১। ই-গর্ভনেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচক ১.১.১ এ পেনশন সেবা সহজীকরণে বিদ্যমান প্রক্রিয়ার ধাপ হ্রাসকরণ।

২। ৪র্থ শিল্প বিপ্লবের অগ্রসরমান প্রযুক্তি বিষয়ে ক্যাপাসিটি ডেভেলপমেন্ট/ প্রশিক্ষণ কার্যক্রম

- মন্ত্রণালয়/মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের সামগ্রিকভাবে 4IR নির্ভর বিদ্যমান প্রযুক্তি ও অদুর ভবিষ্যতে ব্যবহারযোগ্য প্রযুক্তি বিষয়ে সম্যক ধারণা প্রদান করতে হবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমে ব্যবহৃত 4IR নির্ভর বিদ্যমান প্রযুক্তি ও অদুর ভবিষ্যতে ব্যবহারযোগ্য প্রযুক্তি বিষয়ে মন্ত্রণালয়/ মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের সম্যক ধারণা প্রদান করা।

৩। মাঠ পর্যায়ে কার্যক্ষমতা পর্যবেক্ষণে/পরিবীক্ষণের লক্ষ্যে একটি ইউনিয়নে IoT প্রযুক্তি নির্ভর বজ্র নিরোধক দন্ড পাইলটিং এর উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪। Landslide early warning system with GIS analysis empowered by Remote-sensing (RS) and Artificial intelligence (AI) প্রবর্তনের লক্ষ্যে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে আলোচনা/ কর্মশালা করে খসড়া কর্মপদ্ধতি নির্ধারণের পদক্ষেপ গ্রহণ করা। ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবিলায় কর্মপরিকল্পনাগুলো সংশোধিত আকারে প্রণয়ন করতে হবে।

৫। Artificial intelligence (AI) based Cyclone Early Warning, Evacuation Instruction generation and dissemination system প্রবর্তনের লক্ষ্যে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে আলোচনা/কর্মশালা করে খসড়া কর্মপদ্ধতি নির্ধারণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

চলমান পাতা-২

৬। Artificial intelligence (AI) based Flood early Warning system প্রবর্তনের লক্ষ্যে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে আলোচনা/কর্মশালা করে খসড়া কর্মপদ্ধতি নির্ধারণ।

৭। ২০২২-২০২৩ অর্থবছরে গৃহীত উদ্ভাবনী ধারণার (IoT based) বিষয়ে অত্র মন্ত্রণালয়ের উপসচিব জনাব আবু সাঈদ মোঃ কামাল সার্বিক কার্যক্রম সমন্বয় করার দায়িত্ব পালন করবেন।

৮। শতভাগ ই-নথিতে কার্যক্রম করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করার লক্ষ্যে পত্র দিতে হবে।

৯। তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। এ বিষয়ে তথ্য বাতায়ন হালনাগাদকরণ কমিটির আহবায়ক/ফোকাল পয়েন্টদের সাথে সিস্টেম এনালিস্ট অগ্রগতি বিষয়ে নিয়মিত যোগাযোগ করবেন।

১০। কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা/সভা নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত আয়োজন করতে হবে।

১১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি এর ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করতে হবে। দপ্তর/সংস্থার স্ব-মূল্যায়ণ প্রতিবেদন ১৫ জানুয়ারী ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে।

১২। ইনোভেশন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট/ আহবায়কদের সাথে অগ্রগতি অর্জন বিষয়ে সদস্য সচিব নিয়মিত যোগাযোগ করবেন। মন্ত্রণালয়ের সেবা সহজীকরণ এর বিষয়ে ধারণা প্রদানের জন্য সকল উইং এবং ইনোভেশন টিমে পত্র প্রদান করতে হবে।

১৩। কে, এম আনিছুল ইসলাম, সহকারী সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে নবগঠিত ইনোভেশন টিমে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/১১/2022

(শিখা সরকার)
অতিরিক্ত সচিব (সিপিপি)
ও
চিফ ইনোভেশন অফিসার

নং ৫১.০০.০০০০.২৫০.২৫.০০৬.২২.১৯৭

তারিখঃ ১০-১১-২০২২ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), মগবাজার, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ইনোভেশন সেবাবক্সে আপলোডের অনুরোধসহ)।
৮। কে, এম আনিছুল ইসলাম, সহকারী সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৯। অতিরিক্ত সচিব (সিপিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০/১১/2022

(সানজিদা ইয়াছমিন)
সিনিয়র সহকারী সচিব